

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে অস্ট্রেলিয়া আওয়ামী লীগের প্রতিনিধিদলের সাক্ষাত

মূল উপলক্ষ্য ছিল বন্যার্তদের সাহায্যার্থে অনুদানের চেক হস্তান্তর। গত ১১ই সেপ্টেম্বর ২০১৭-এ দুপুর ২টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক অনারস্বর কিন্তু অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা অস্ট্রেলিয়া আওয়ামী লীগের সিনিয়র নেতৃত্বদের সাথে পূর্ব-নির্ধারিত বৈঠকে মিলিত হোন। আনুষ্ঠানিকতা ছাড়িয়ে নেত্রী প্রতিনিধি দলের সাথে বিশদ আলোচনায় মেতে ওঠেন। অস্ট্রেলিয়া আওয়ামী লীগের ব্যাপারে বিস্তারিত খোঁজ খবর নেন। তরুণ প্রজন্মের নেতৃত্বের প্রশংসা করেন। গতানুগতিকতার বাইরে প্রবাসে দলের অনুসারীদের কাছে তিনি দেশের উন্নয়নে গঠনমূলক ভূমিকার প্রত্যাশার কথা বলেন।

আলাপের এক পর্যায়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বভাবসুলভ ভঙ্গিতে প্রতিনিধি দলকে অবশ্য মনে করিয়ে দিতে ভোলেননি, 'অস্ট্রেলিয়াকে তো আমরা ক্রিকেটে হারিয়ে দিলাম'।



উল্লেখ্য, শুধুমাত্র অস্ট্রেলিয়া আওয়ামী লীগের কার্যকরী কমিটির সদস্য ও সীমিত কয়েকজন শুভাকাঙ্ক্ষির কাছ থেকে এই অনুদানের অর্থ সংগ্রহ করা হয়েছিল। অনুদান প্রদানের সময় অস্ট্রেলিয়া আওয়ামী লীগের পক্ষ থেকে সহ-সভাপতি শাহ আলম, যুগ্ম সাধারণ সম্পাদক দ্বয় হারুনুর রশীদ ও আশরাফুল হক, ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক জাকির হোসেন প্রধানীয়া এবং শিল্প ও বানিজ্যবিষয়ক সম্পাদক মুকিতুর রহমান টুটুল উপস্থিত ছিলেন।

